

Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 12 April, 2025

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) চারকলা অনুষদে পয়লা বৈশাখ উপলক্ষ্যে আনন্দ শোভাযাত্রার জন্য তৈরি করা মূল মোটিফ 'ফ্যাসিস্টের প্রতিকৃতি'তে আগুন দিয়েছে দুর্ব্বল। এতে মোটিফটি সম্পূর্ণ পুড়ে গেছে।

আজ (শনিবার) ভোরে এ ঘটনা ঘটে। তবে কে বা কারা আগুন লাগিয়েছে তা জানা যায়নি। চারকলা অনুষদের ডিন অধ্যাপক আজহারুল ইসলাম চতুর্থ বিষয়টি নিশ্চিত করেছেন।

আজহারুল ইসলাম চতুর্থ বলেন, ফ্যাসিবাদের মুখ্যাকৃতিকে টার্গেট করে আগুন লাগানো হয়েছে। ওই আকৃতি পুরোটাই পুড়ে গেছে। একইসাথে পায়রার অবয়বটাও পুড়ে গেছে। আনুমানিক ৪টা থেকে সাড়ে ৪টার মধ্যে আগুন লাগানো হয়েছে।

তিনি আরও বলেন, আমরা ফজরের নামাজের পরেই খবর পাই। কিন্তু ফায়ারসার্ভিস আসতে আসতে ওটা পুরোটাই পুড়ে যায়। আগুনটা ইচ্ছে করেই লাগানো হয়েছে। তবে কে বা কারা করেছে তা জানা যায়নি। সিসিটিভি ফুটেজ সংগ্রহের চেষ্টা চলছে। সিসিটিভি দেখে অপরাধীদের শনাক্ত করা হবে।

পরবর্তী সিদ্ধান্ত কী হবে জানতে চাইলে তিনি বলেন, আমরা এখন মিটিংয়ে বসবো, কী সিদ্ধান্ত হতে পারে সে বিষয়ে আলোচনা করা হবে।

চারকলার এক শিক্ষার্থী বলেন, এটি নির্মাণ কাজ প্রায় শেষ হয়েছিল। আজকের মধ্যে এটির কাজ শেষ হয়ে যেত। এটা নিঃসন্দেহে ঘৃণ্যন্ত। আমি নিশ্চিতভাবে বলতে পারি কেউ ইচ্ছা করেই আগুন লাগিয়েছে। প্রশাসনের লোকজনও এর পেছনে জড়িত কি না খুঁজে বের করতে হবে। কারণ রাতে এখানে পুলিশের লোকজনও উপস্থিত ছিল।

প্রসঙ্গত, এ বছর বাংলা নববর্ষের আনন্দ শোভাযাত্রায় জন্য বাঁশ-বেতের কারকাজে তৈরি করা হয়েছিল এক দৈত্যাকৃতির "ফ্যাসিবাদী প্রতিকৃতি", যার উচ্চতা ছিল প্রায় ২০ ফুট। যেখানে সাবেক স্বৈরাচার প্রধানমন্ত্রী শেখ হাসিনার একটি মুখ্যাবয়বের দুপাশে ছিল শিংয়ের মতো অবয়ব। প্রতিকৃতিতে ইতোমধ্যেই প্রলেপের কাজ শেষ হয়েছিল। সংশ্লিষ্টরা জানিয়েছিলেন, এটিই ছিল এবারের শোভাযাত্রার প্রধান মোটিফ বা অবকাঠামো।

অপরাধ অঞ্চিকাণ্ড ঢাকা বিশ্ববিদ্যালয় রাজধানীর খবর আলোচিত খবর পহেলা বৈশাখ

URL: <https://www.timestodaybd.com/national/23859640>